

যুগান্তর

প্ৰিন্ট: ৩০ ডিসেম্বৰ ২০২৪, ০৭:১৩ এএম

শিক্ষাঙ্গন

চৰিতে শিক্ষার্থীদেৰ ওপৰ হামলা, বিপ্লবী ছাত্ৰ পৰিষদেৰ নিন্দা



যুগান্তৰ প্ৰতিবেদন

প্ৰকাশ: ২৯ ডিসেম্বৰ ২০২৪, ১১:০৩ পিএম

বিপ্লবী
ছাত্ৰ
পৰিষদ



×

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) শাটল ট্রেনে শিক্ষার্থীদের ওপর সন্ত্রাসী হামলার ঘটনায় তীব্র নিন্দা ও দ্রুত সময়ের মধ্যে বিচারের দাবি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা বিপ্লবী ছাত্র পরিষদের।

রোববার চবি শাখার আহ্বায়ক ইফতেখার আবির ও সদস্য সচিব শেখ হামিম স্বাক্ষরিত এক যৌথ বিবৃতিতে এ নিন্দা জানানো হয়

এতে বলা হয়, রোববার সকালে শাটল ট্রেন ষোলশহরে অবস্থানকালে কিছু ছিনতাইকারী সন্ত্রাসী শাটলে অতর্কিত হামলা চালায়। এতে ইংরেজি বিভাগের দুজন ছাত্র-ছাত্রী ধারাল ব্লেডের আঘাতে মারাত্মকভাবে আহত হয়। বর্তমানে তারা হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

এতে আরও বলা হয়, আমরা দেখেছি স্বৈরাচার পতনের পর নতুন এক স্বপ্ন নিয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন কাজ করলেও ৫ই আগস্টের পর থেকে বেশ কয়েকবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গুপ্তহামলার ঘটনা দেখা যায়। এসব ঘটনা সাধারণ শিক্ষার্থীদের মনে নিরাপত্তা শঙ্কার সৃষ্টি করেছে। তাছাড়াও বিশ্ববিদ্যালয়ের শাটল ট্রেনে ছিনতাই, সন্ত্রাসী হামলা ও পাথর নিক্ষেপের ঘটনা নতুন নয়। এই ব্যাপারে প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় কোনো ব্যবস্থা দেখা যাচ্ছে না।

এদিকে বিপ্লবী ছাত্র পরিষদের পক্ষ থেকে শাটলে হামলাকারী দুষ্কৃতকারীদের চিহ্নিত করে দ্রুত সময়ের মধ্যে বিচার নিশ্চিত করার দাবি জানানো হয়। এছাড়াও আহত শিক্ষার্থীদের যথাযথ চিকিৎসার ব্যবস্থা, শাটলে শিক্ষার্থীদের নিরাপত্তা রক্ষায় প্রতি বগিতে সার্বক্ষণিক নিরাপত্তারক্ষী প্রদান, ক্যাম্পাসে শিক্ষার্থীদের নিরাপত্তা রক্ষায় পর্যাপ্ত সংখ্যক আইন শৃঙ্খলা বাহিনীর মোতায়েন ও ক্যাম্পাসে সিসিটিভির ক্যামেরার আওতায় আনার দাবি জানিয়েছে সংগঠনটি।

